



বারির আয়োজনে গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালার উদ্বোধন করেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। বিজ্ঞাপ্ত।

## বারিতে কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) বীজ প্রযুক্তি বিভাগের আয়োজনে দেশের দক্ষিণাঞ্চলে চাষোপযোগী উচ্চমূল্যের ফসল বাছাইকরণের লক্ষ্যে 'গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০১৯' গতকাল রবিবার ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ সরকার ও আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিলের (ইফাদ) অর্থায়নে স্মলহোল্ডার অ্যাগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসপি) বারি কম্পেনেন্টের আওতায় এই কর্মশালার আয়োজন করা হয়।

এ প্রকল্পের আওতায় দেশের দক্ষিণাঞ্চলের খুলনা, বরিশাল, চট্টগ্রাম বিভাগের ১১টি জেলার ৩০টি উপজেলায় চাষোপযোগী উচ্চমূল্যের ফসল নির্বাচনে গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। আজকের কর্মশালায় প্রকল্পের বিগত বছরের কার্যক্রম মূল্যায়ন করা হয় এবং আগামী বছরের কর্মকাণ্ড পরিচালনার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়।

বারির পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) মো. হাবিবুর রহমান শেখের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল ওহাব, পরিচালক (সেবা ও সরবরাহ) ড. বাবুলাল নাগ, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. মো. মিয়াবুল্লাহ, প্রকল্পটির জ্যেষ্ঠ কারিগরি উপদেষ্টা ড. ক্রেইগ মেইজনার। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বারির বীজ প্রযুক্তি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্পটির কম্পেনেন্ট কো-অর্ডিনেটর ড. অপূর্ব কান্তি চৌধুরী। এ ছাড়া কর্মশালায় ইনস্টিটিউটের বিভিন্ন বিভাগের প্রধান, উর্ধ্বতন বিজ্ঞানী ও কর্মকর্তারা অংশগ্রহণ করেন। বিজ্ঞাপ্ত।

দৈনিক  
**জনকণ্ঠ**

ঢাকা ॥ সোমবার

১৫ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ

৩০ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

## বারিতে ফসল বাছাইকরণে কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ দেশের দক্ষিণাঞ্চলে চাষোপযোগী উচ্চ মূল্যের ফসল বাছাইকরণের লক্ষ্যে 'গবেষণা পর্যালোচনা ও কর্মসূচী প্রণয়ন কর্মশালা ২০১৯' রবিবার গাজীপুরের বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) অনুষ্ঠিত হয়েছে। ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম

আযাদ এ কর্মশালার উদ্বোধন করেন। বারির পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) হাবিবুর রহমান শেখের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের পরিচালক ড. মোঃ আব্দুল ওহাব, ড. বাবু লাল নাগ ও ড. মোঃ মিয়াবুল্লাহ এবং প্রকল্পের জ্যেষ্ঠ কারিগরি উপদেষ্টা ড. ক্রেইগ মেইজনার।

কর্মশালায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন বারির বীজ প্রযুক্তি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্পটির কম্পোনেন্ট কো-অর্ডিনেটর ড. অপূর্ব কান্তি চৌধুরী।

